রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ২৬, ১৯৮৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য মন্ত্রণালয়

## আদেশ

ঢাকা, ১২ই পৌষ, ১৩৯৫/২৬শে ডিসেম্বর ১৯৮৮

নং এস, আর, ও ৩৭৯-আইন/৮৮/খাম(এস-৬)/এম-আর-৩/৮৮—Control of Essential Commodities Act, 1956 (E. P. Act I of 1956)-এর section 3(2) এ প্রদত্ত ক্ষমতাবলে এবং Modified Rationing Order, 1956 বাতিলক্রমে সরকার নিম্নরূপ আদেশ জারী করিলেন :

১। সংক্ষিপ্ত শিরনামা ও প্রয়োগ—(১) এই „আদেশ„ পল্লী ও পৌর এলাকা রেশন ব্যবস্থা আদেশ, ১৯৮৮ নামে অভিহিত হইবে;

(২) ইহা ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী পৌর কর্পোরেশনসমূহের আওতাধীন এলাকাসমূহ এবং রাংগামাটি ও নারায়ণগঞ্জ পৌর এলাকাসমূহ ব্যতীত বাংলাদেশের সর্বত্র প্রযোজ্য হইবে।

২। সংজ্ঞা—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আদেশে,—

(ক) "খাদ্য কমিটি" অর্থ অনুচ্ছেদ ৩ এর অধীন গঠিত কোন খাদ্য কমিটি;

(খ) "খাদ্য সামগ্রী" অর্থ চাউল বা গম এবং অন্য যে কোন খাদ্য দ্রব্য যাহা সরকার বিভিন্ন সময় এই আদেশের অধীন বিতরণের নির্দেশ দিবেন তাহাও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(গ) "ডিলার" অর্থ অনুচ্ছেদ ৯ এর অধীন ডিলারশীপ লাইসেন্সপ্রাপ্ত কোন ব্যক্তি;

(ঘ) "ডিলারশীপ লাইসেন্স" অর্থ অনুচ্ছেদ ৯ এর অধীন প্রদত্ত ডিলারশীপ লাইসেন্স



মূল্যঃ টাকা ১.৫০

(ঙ) "পরিবার" অর্থ একান্নভুক্ত ব্যক্তি বা ব্যক্তিগণ;

(চ) "ফরম" অর্থ এই আদেশের সহিত সংযুক্ত কোন ফরম;

(ছ) "রেশন" অর্থ এই আদেশের অধীন প্রদেয় খাদ্যসামগ্রী;

(জ) "রেশন কার্ড" অর্থ অনুচ্ছেদ ৪ এর অধীন ফরম 'খ'তে প্রস্তুতকৃত এবং কোন পরিবারকে প্রদেয় রেশন কার্ড।

৩। খাদ্য কমিটি—(১) এই আদেশের উদ্দেশ্য পূরণকল্পে, প্রত্যেক পৌর এলাকার উপজেলা এবং ইউনিয়নের জন্য একটি করিয়া খাদ্য কমিটি গঠিত হইবে; এবং এইরূপ কমিটি যথাক্রমে সংশ্লিষ্ট পৌর এলাকা, উপজেলা এবং ইউনিয়নের নাম অনুসারে পরিচিত হইবে।

(২) একজন চেয়ারম্যান এবং একাধিক অন্যান্য সদস্য সমন্বয়ে প্রতিটি খাদ্য কমিটি গঠিত হইবে।

(৩) খাদ্য কমিটির সদস্য সংখ্যা সরকার বা তৎকর্তৃক মনোনীত কর্তৃপক্ষ নির্ধারণ করিবে এবং, উপ-অনুচ্ছেদ (৪) এর বিধান সাপেক্ষে, খাদ্য কমিটির চেয়ারম্যান এবং অন্যান্য সদস্য সরকারের মনোনীত কর্তৃপক্ষ কর্তৃক নিযুক্ত হইবেন।

(৪) উপজেলার জন্য গঠিত খাদ্য কমিটিতে উপজেলা খাদ্য কর্মকর্তা পদাধিকার বলে সদস্য থাকিবেন এবং তিনি উক্ত কমিটির সচিবও হইবেন।

৪। রেশন প্রাপকদের তালিকা—(১) নিম্নবর্ণিত ব্যক্তি রেশন পাওয়ার যোগ্য হইবেন, যদি—

(ক) তাঁহার বসত বাড়ী ব্যতীত অন্য কোন জমি না থাকে, অথবা যদি তিনি এমন কৃষক হন যে সারা বৎসরের প্রয়োজনের তুলনায় দুই মাসের জন্য প্রয়োজনার খাদ্য শস্যের অধিক খাদ্য শস্য উৎপাদনের সংগতি তাঁহার না থাকে;

(খ) স্থানীয় সরকারকে তৎকর্তৃক তিন টাকার বেশী কর প্রদেয় না হয়; এবং

(গ) তিনি ভালনারেবল গ্রুপ ফিডিং ডেভেলপমেন্ট ব্যবস্থার অধীন কোন সুবিধা না পান।

(২) পৌর এলাকা খাদ্য কমিটি এবং ইউনিয়ন খাদ্য কমিটি উহাদের স্ব স্ব এলাকার জন্য উপ-অনুচ্ছেদ (১) এর অধীন রেশন পাওয়ার যোগ্য ব্যক্তিদের জন্য একটি তালিকা 'ক' ফরমে প্রণয়ন করিবে:

তবে শর্ত থাকে যে ইউনিয়ন খাদ্য কমিটি কর্তৃক প্রণীত তালিকা সংশ্লিষ্ট উপজেলা খাদ্য কমিটি কর্তৃক অনুমোদিত হইতে হইবে।

৫। রেশন কার্ড—(১) অনুচ্ছেদ ৪ এর অধীন প্রস্তুতকৃত তালিকাভুক্ত ব্যক্তিগণ যে যব পরিবারের সদস্য সেই সব পরিবারের প্রধানের নামে রেশন কার্ড প্রদান করা হইবে।

(২) পৌর এলাকা খাদ্য কমিটি বা, ক্ষেত্রমত, ইউনিয়ন খাদ্য কমিটি 'খ' ফরমে রেশন কার্ড প্রদান করিবে।

৬। রেশনের পরিমাণ।—(১) প্রত্যেক রেশন কার্ডে অন্তর্ভুক্ত ব্যক্তিগণের মধ্যে আট বৎসর বা ঊর্ধ্ব বয়সের অনধিক তিনজন ব্যক্তির প্রত্যেকের জন্য সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে প্রতি সপ্তাহে অনধিক ১.৫০ কিলোগ্রাম চাউল বা গম অথবা, উক্ত পরিমাণ সাপেক্ষে, আংশিক চাউল ও আংশিক গম প্রদান করা যাইবে।

(২) চাউল এবং গম ব্যতিরেকে অন্যান্য খাদ্য সামগ্রীও রেশনে দেওয়া যাইতে পারে, তবে এইরূপ খাদ্য সামগ্রীর পরিমাণ, মূল্য এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি সরকার বা তৎকর্তৃক ক্ষমতা প্রদত্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হইবে।

৭। রেশনকার্ড সংশোধন ইত্যাদি।—(১) কোন রেশন কার্ডে কোন ভুল তথ্য থাকিলে বা কোন রেশন কার্ডধারীর পরিবারের সদস্য সংখ্যা যে কোন কারণে হ্রাস বা বৃদ্ধি পাইলে বা অন্য যে কোন সংগত কারণে সংশ্লিষ্ট খাদ্য কমিটি রেশন কার্ডে প্রয়োজনীয় সংশোধন করিতে পারিবে।

(২) খাদ্য কমিটি ৫ টাকা ফিস গ্রহণ করিয়া কোন হারানো, বিকৃত বা বিনষ্ট রেশন কার্ডের পরিবর্তে সংশ্লিষ্ট রেশন কার্ডধারীকে একটি নূতন রেশন কার্ড প্রদান করিতে পারিবে।

৮। খাদ্য কমিটি কর্তৃক ক্ষমতা অর্পণ।—কোন খাদ্য কমিটি এই আদেশের অধীন উহার যে কোন ক্ষমতা প্রয়োগ বা দায়িত্ব সম্পাদনের জন্য উহার চেয়ারম্যান বা কোন সদস্য বা যৌথভাবে একাধিক সদস্যকে ক্ষমতা অর্পণ করিতে পারিবে।

৯। ডিলারশীপ লাইসেন্স।—(১) এই অনুচ্ছেদের অন্যান্য বিধান সাপেক্ষে, উপজেলা খাদ্য কর্মকর্তা প্রত্যেক পৌর এলাকা বা ইউনিয়নে, এই আদেশের অধীন খাদ্য সামগ্রী বিক্রয়ের উদ্দেশ্যে, এক বা একাধিক ব্যক্তিকে ডিলারশীপ লাইসেন্স প্রদান করিতে পারিবেন।

(২) ডিলারশীপ লাইসেন্স পাইতে ইচ্ছুক ব্যক্তি সাদা কাগজে একটি দরখাস্ত উপজেলা কর্মকর্তার নিকট দাখিল করিবেন।

(৩) উপ-অনুচ্ছেদ (২) এর অধীন প্রাপ্ত দরখাস্ত বিবেচনা করিয়া উপজেলা খাদ্য কর্মকর্তা তৎকর্তৃক নির্বাচিত দরখাস্তকারীকে উপ-অনুচ্ছেদ (৪) এর বিধান সাপেক্ষে, 'গ' ফরমে একটি ডিলারশীপ লাইসেন্স প্রদান করিতে পারিবেন এবং উক্ত লাইসেন্সে সংশ্লিষ্ট ডিলারের এলাকা নির্ধারণ করিয়া দিবেন।

(৪) উপ-অনুচ্ছেদ (৩) এর অধীনে কোন ডিলারশীপ লাইসেন্স প্রদানের পূর্বে উপজেলা খাদ্য কর্মকর্তা খাদ্য মহা-পরিচালক কর্তৃক নির্ধারিত ফিস সরকার কর্তৃক নির্ধারিত খাতে ট্রেজারীর চালানের মাধ্যমে জমা দিবার জন্য এবং 'ঘ' ফরমে একটি অংগীকারনামা সম্পাদনের জন্য নির্বাচিত দরখাস্তকারীকে নির্দেশ দিবেন; অতঃপর উক্ত দরখাস্তকারী উক্ত ফিস জমা দিয়া ট্রেজারী চালানের একটি কপি দাখিল করিলে এবং উক্ত অংগীকারনামা সম্পাদন করিলে তাহাকে একটি ডিলারশীপ লাইসেন্স প্রদান করা হইবে।

১০। ডিলার কর্তৃক পালনীয় শর্তাবলী ইত্যাদি।—প্রত্যেক ডিলার—

(ক) ডিলারশীপ লাইসেন্সে বর্ণিত শর্তাবলী পালন করিবেন; এবং

(খ) তাহাকে বরাদ্দকৃত খাদ্য সামগ্রীর দৈনিক বিতরণের বিবরণ 'ঙ' ফরমে, এবং প্রাপ্ত বরাদ্দ, দৈনিক বিতরণ ও উদ্বৃত্ত খাদ্য সামগ্রীর বিবরণ 'চ' ফরমে লিপিবদ্ধ করিবেন।

১১। ডিলারশীপ লাইসেন্স বাতিল, সংশোধন ইত্যাদি।—(১) কোন ডিলার এই আদেশ বা লাইসেন্সের কোন শর্ত ভংগ করিলে উপজেলা খাদ্য কর্মকর্তা উক্ত ডিলারের লাইসেন্স বাতিল করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, কোন ডিলারশীপ লাইসেন্স বাতিলকরণের পূর্বে সংশ্লিষ্ট ডিলারকে প্রস্তাবিত বাতিলকরণের বিরুদ্ধে তাহার বক্তব্য উপস্থাপনের জন্য সুযোগ দেওয়া হইবে:

আরও শর্ত থাকে যে, এই অনুচ্ছেদের অধীনে কোন ডিলারের ডিলারশীপ লাইসেন্স বাতিল হওয়া সত্ত্বেও তদস্থলে নূতন ডিলার নিযুক্ত না হওয়া পর্যন্ত পূর্বোক্ত ডিলার বাতিলকৃত লাইসেন্সটি অনুসারে কাজ চালাইয়া যাইবেন।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন কোন ডিলারশীপ লাইসেন্স বাতিল করা হইলে, বাতিলকরণের আদেশ জারীর তারিখ হইতে ১৫ দিনের মধ্যে, সংশ্লিষ্ট ডিলার উক্ত আদেশের বিরুদ্ধে জেলা খাদ্য নিয়ন্ত্রকের নিকট আপীল করিতে পারিবেন; এবং উক্ত জেলা খাদ্য নিয়ন্ত্রক অনুরূপ আপীল প্রাপ্তির ৭ দিনের মধ্যে বিষয়টির উপর সিদ্ধান্ত দিবেন এবং তাঁহার সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

(৩) কোন ডিলারশীপ লাইসেন্সে কোন কিছু সংশোধনের প্রয়োজন হইলে বা উহা হারাইয়া গেলে বা যে কোন কারণে উহা বিকৃত বা বিনষ্ট হইলে লাইসেন্সটিতে প্রয়োজনীয় সংশোধনের জন্য বা ক্ষেত্রমত উহার পরিবর্তে অনুরূপ একটি লাইসেন্সের জন্য সংশ্লিষ্ট ডিলার খাদ্য মহা পরিচালক কর্তৃক নির্ধারিত পরিমাণ ফিস সরকার কর্তৃক নির্ধারিত খাতে ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিয়া, উক্ত চালানের একটি কপিসহ, উপজেলা খাদ্য কর্মকর্তার নিকট একটি দরখাস্ত করিতে পারিবেন।

(৪) উপ-অনুচ্ছেদ (৩) এর অধীন দাখিলকৃত দরখাস্ত বিবেচনাক্রমে উপজেলা খাদ্য কর্মকর্তা সংশ্লিষ্ট ডিলারশীপ লাইসেন্সের প্রয়োজনীয় সংশোধন বা ক্ষেত্রমত উক্ত লাইসেন্সের পরিবর্তে অনুরূপ একটি লাইসেন্স প্রদান করিতে পারিবেন।

১২। অনুসন্ধান, পরিদর্শন ইত্যাদি।—(১) কোন খাদ্য উপ-পরিদর্শক বা খাদ্য মহা-পরিচালক কর্তৃক ক্ষমতা প্রদত্ত অন্য কোন ব্যক্তি যদি এইরূপ বিশ্বাস করেন যে, এই আদেশ বা কোন ডিলারশীপ লাইসেন্সের শর্ত ভংগ করা হইয়াছে বা হইতেছে তাহা হইলে, তিনি—

(ক) কোন ডিলারকে সরবরাহকৃত খাদ্য সামগ্রী বিক্রয়, বিতরণ ও বিক্রয়ের জন্য গুদামজাত করার উদ্দেশ্যে ব্যবহৃত হইতেছে এমন কোন স্থানে বা ভবনে প্রবেশ করিতে এবং প্রয়োজনী অনুসন্ধানকার্য চালাইতে পারিবেন;

(খ) কোন ডিলারকে সরবরাহকৃত খাদ্য সামগ্রী বিক্রয়, বিতরণ অথবা মজুদ রাখার সহিত জড়িত যে কোন ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ অথবা কোন তথ্য প্রদান করিতে, অথবা উক্ত ব্যক্তির নিকট আছে বা থাকিতে পারে বলিয়া বিবেচনা করা যায়। উক্ত খাদ্য সামগ্রী সংশ্লিষ্ট এমন যে কোন কাগজপত্র অথবা তাহার কর্তৃত্বাধীনে রক্ষিত খাদ্য সামগ্রী হাজির করিতে নির্দেশ দিতে পারিবেন এবং এই ধরণের প্রত্যেক ব্যক্তি উক্ত নির্দেশ মান্য করিতে বাধ্য থাকিবেন;

(গ) দফা (ক) তে উল্লেখিত বা অন্য যে কোন স্থান হইতে সংগৃহীত খাদ্য সামগ্রীর ক্রয়, বিক্রয় বিতরণ অথবা সংরক্ষণ সংক্রান্ত যে কোন দলিল পত্রের নকল অথবা উদ্ধৃতি গ্রহণ করিতে পারিবেন;

(ঘ) খাদ্য সামগ্রী বিক্রয় অথব বিতরণের জন্য ব্যবহৃত বাটখারা অথবা পরিমাপযন্ত্রের যথার্থতা যাচাই করিতে পারিবেন;

(ঙ) বিক্রয়, বিতরণ ও সংরক্ষণের স্থানে প্রাপ্ত খাদ্য সামগ্রী বা উহার অংশ বিশেষের ওজন গ্রহণ করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, উপরোক্ত খাদ্য সামগ্রীসমূহ রাখার স্থানে প্রবেশ অথবা পরিদর্শনের ক্ষেত্রে পরিদর্শনকারী ব্যক্তি সংশ্লিষ্ট স্থানে বসবাসকারী ব্যক্তিদের সামাজিক মর্যাদা এবং ধর্মীয় আচার আচরণের প্রতি লক্ষ্য রাখিয়া উক্তরূপ ক্ষমতা প্রয়োগ করিবেন।

১৩। এই আদেশের সুষ্ঠু বাস্তবায়নকল্পে সরকার বা তৎকর্তৃক ক্ষমতা প্রদত্ত খাদ্য অধিদপ্তরের কোন কর্মকর্তা প্রয়োজনীয় আদেশ দিতে পারিবেন।

ফরম—ক

রেশন প্রাপকগণের তালিকা

[পল্লী রেশন ব্যবস্থা আদেশ, ১৯৮৮ এর অনুচ্ছেদ—৪(২) দ্রষ্টব্য]

জেলা উপজেলা ওয়ার্ড

| ক্রমিক নং | পরিবারের প্রধান ব্যক্তির নাম | গ্রামের নাম | জমি (বর্গাজমিসহ) সমগ্র চাষের জমি | জমি ব্যতীত অন্যান্য খাতে আয় | পরিবারের সদস্য সংখ্যা: আট বৎসর বা তদূর্ধ্বে ব্যক্তির সংখ্যা — উপার্জনশীল। | পরিবারের সদস্য সংখ্যা: আট বৎসর বা তদূর্ধ্বে ব্যক্তির সংখ্যা — নির্ভরশীল | পরিবারের সদস্য সংখ্যা: আট বৎসর বয়সের নীচে শিশুর সংখ্যা | রেশন প্রাপক সদস্য সংখ্যা | জারীকৃত রেশন কার্ডের ক্রমিক নং | রেশন কার্ড-ধারীদের স্বাক্ষর অথবা টিপ সহিসহ তারিখ। | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬(ক) | ৬(খ) | ৬(গ) | ৬(ঘ) | ৭ | ৮ | ৯ |

## ফরম "ঘ"

## রেশন কার্ড

(পল্লী ও পৌর এলাকা রেশন ব্যবস্থার আদেশ, ১৯৮৮ এর অনুচ্ছেদ ৫নং দ্রষ্টব্য)

রেশন কার্ড নং————————————

যাহার অনুকূলে জারী করা হইল:

পিতার নাম:

গ্রাম:

ইউনিয়নের নাম ও নং————————————

শহর ............................ওয়ার্ড নং ............................

জরিপ তালিকার নং:

ইউনিয়ন/পৌরসভা ট্যাক্সের পরিমাণ:

থানা/উপজেলা:

জেলা:

| পরিবারের সদস্য<br>প্রাপ্ত বয়স্ক/অপ্রাপ্তবয়স্ক | রেশন প্রাপক সদস্যের সংখ্যা। | অন্য উৎস হইতে পরিবারের রেশন প্রাপ্তির সংখ্যা (যদি থাকে)। |
|---|---|---|
| | | |
| | | |
| | | |

প্রদেয় ইউনিটের সংখ্যা:

সরবরাহের স্থান/দোকানের নাম:

রেশন দেওয়ার নির্ধারিত দিন:

প্রদানের তারিখ:

খাদ্য কমিটির ক্ষমতা প্রদত্ত ব্যক্তির স্বাক্ষর।

| পরিবারের সাপ্তাহিক প্রাপ্য অংশ | বিতরণের তারিখ |
| --- | --- |
| | চাউল |
| | ধান |
| | গম |
| | আটা |
| | চিনি |

বি: দ্র: সরবরাহ খাদ্যের পরিমাণ ত্রিপিত্রা-উদ্ধার সিদ্ধ ডিবার অনুপাতক বিভাজন।

## ফরম "গ"

## ডিলারশীপ লাইসেন্স

[পল্লী ও পৌর এলাকা রেশন ব্যবস্থা আদেশ, ১৯৮৮ এর অনুচ্ছেদ ২(ঘ) দ্রষ্টব্য]

জেলার ........................উপজেলা/থানার ........................

ডাকঘরের আওতাধীন ..................গ্রামের ..................কে ..................

জেলার ........................উপজেলার/থানার ........................

ইউনিয়নের/শহরের ........................এলাকার পল্লী ও পৌর এলাকা রেশন ব্যবস্থা আদেশ, ১৯৮৮ এর অধীনে খাদ্য সামগ্রী বিক্রয়ের জন্য ডিলারশীপ লাইসেন্স প্রদান করা হইল।

পল্লী ও পৌর এলাকা রেশন ব্যবস্থা আদেশ, ১৯৮৮ এর বিধান এবং এই লাইসেন্সে বর্ণিত শর্তাবলী পালনে তিনি বাধ্য থাকিবেন।

...... ........................

তারিখ: উপজেলা খাদ্য কর্মকর্তার স্বাক্ষর।

**ডিলার কর্তৃক পালনীয় শর্তাবলী:**

(ক) তিনি খাদ্য মহা পরিচালক কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত মূল্যে রেশন কার্ডধারী-গণের নিকট খাদ্যসামগ্রী বিক্রি করিবেন;

(খ) তিনি বরাদ্দকৃত খাদ্য সামগ্রীর দৈনিক বিতরণের বিবরণ 'ঙ' ফরমে, ও এবং প্রাপ্ত বরাদ্দ, দৈনিক বিতরণ ও উদ্বৃত্ত খাদ্যসামগ্রীর বিবরণ 'চ' ফরমে সঠিকভাবে সংরক্ষণ করিবেন;

(গ) তিনি মেট্রিক পদ্ধতির এক বা একাধিক সেট বাটখারা ও দাড়িপাল্লা রাখিবেন এবং সঠিক ওজনে খাদ্যসামগ্রী রেশন কার্ডধারীগণকে সরবরাহ করিবেন;

(ঘ) রেশন ব্যবস্থার মাধ্যমে বন্টন করার জন্য খাদ্য সামগ্রীর কোটা যুক্তিযুক্ত সময়ের মধ্যে উত্তোলনে ইচ্ছাপূর্বক গাফিলতি অথবা দেরী করা চলিবেনা;

(ঙ) তিনি ডিলারশীপ পরিত্যাগ করিতে চাহিলে উপজেলা খাদ্য কর্মকর্তাকে চারি সপ্তাহের লিখিত নোটিশ প্রদান করিবেন;

(চ) তিনি খাদ্য কমিটির বা উপ-পরিদর্শকের পদ মর্যাদার নিচে নহেন খাদ্য বিভাগের এমন কর্মকর্তার যুক্তিসংগত সকল লিখিত আদেশ পালন এবং শুধুমাত্র রেশন কার্ড-ধারী ব্যক্তিবর্গের নিকট তালিকাভুক্ত খাদ্য সামগ্রী বিক্রি করিবেন;

(ছ) তিনি অন্য কাহারো নিকট ডিলারশীপ লাইসেন্স হস্তান্তর করিতে পারিবেন না এবং তাহাকে বরাদ্দকৃত মজুদ হইতে তিনি তাহার নিজের ব্যবহারের জন্য কোন দ্রব্য উত্তোলন করিতে পারিবেন না;

(জ) তিনি বরাদ্দ প্রাপ্ত খাদ্য সামগ্রী ব্যতীত অন্য কোন খাদ্য সামগ্রী ব্যবসায়িক উদ্দেশ্যে ক্রয়, বিক্রয় ও গুদামজাত করিতে পারিবেন না।

## ফরম 'ব'

### ডিলার কর্তৃক সম্পাদিত অংগীকারনামা।

[পল্লী ও পৌর এলাকা রেশন ব্যবস্থা, ১৯৮৮ এর অনুচ্ছেদ ৯(৪) দ্রষ্টব্য)]

আমি,..............................গ্রাম/শহর ................
উপজেলা/থানা........................জিলা....................এর পক্ষে ..............................(এলাকার নাম) এলাকার রেশন ডিলারশীপ লাইসেন্স গ্রহণের উদ্দেশ্যে এই মর্মে প্রত্যায়ন করিতেছি যে, পল্লী ও পৌর এলাকা রেশন ব্যবস্থা আদেশ, ১৯৮৮ এর বিধানাবলী এবং ডিলারশীপ, লাইসেন্স বর্ণিত শর্তাবলী পড়িয়াছি এবং অংগীকারাবদ্ধ হইতেছি যে, উক্ত আদেশ এর বিধানাবলী এবং লাইসেন্সে বর্ণিত শর্তাবলী পালনে বাধ্য থাকিবে।

স্থান ..............................          নির্বাচিত দরখাস্তকারীর স্বাক্ষর।
তারিখ..............................

## ফরম "ঙ"

## দৈনিক বিতরণের রেজিষ্টার

[পল্লী ও পৌর এলাকা রেশন ব্যবস্থা আদেশ, ১৯৮৮ এর অনুচ্ছেদ ১০(ঘ) দ্রষ্টব্য]

ইউনিয়ন নং .....; শহর ...........; থানা/উপজেলা .........; জেলা ........

তারিখ ...............

| (প্রতি ক্রেতার নাম ইত্যাদি প্রতি দিনের শুরুতে তারিখের বরাবর লিখিতে হইবে)। | রেশন কার্ডের | চাউল | ধান | গম | আটা | চিনি |
| --- | --- | --- | --- | --- | --- | --- |

## ফরম "চ"

## আমদানী ও বিতরণের ষ্টক রেজিষ্টার

[পল্লী ও পৌর এলাকায় রেশন ব্যবস্থা আদেশ, ১৯৮৮ এর অনুচ্ছেদ ১০(ঘ) দ্রষ্টব্য]

| তারিখ | | চাউল | ধান | গম | আটা | চিনি | মন্তব্য (প্রত্যেক চালানের দাম ও অন্যান্য কাজের বিবরণ)। |
|---|---|---|---|---|---|---|---|
| | আগত মাল | | | | | | |
| | জমা | | | | | | |
| | মোট | | | | | | |
| | খরচ | | | | | | |
| | উদ্বৃত্ত মাল | | | | | | |
| | আগত মাল | | | | | | |
| | জমা | | | | | | |
| | মোট | | | | | | |
| | খরচ | | | | | | |
| | উদ্বৃত্ত মাল | | | | | | |
| | আগত মাল | | | | | | |
| | জমা | | | | | | |
| | মোট | | | | | | |
| | খরচ | | | | | | |
| | উদ্বৃত্ত মাল | | | | | | |
| | আগত মাল | | | | | | |
| | জমা | | | | | | |

| তারিখ | চাউল | ধান | গম | আটা | চিনি | মন্তব্য প্রত্যেক চালানের দাম ও অন্যান্য কার্যের বিবরণ)। |
|---|---|---|---|---|---|---|
| মোট | | | | | | |
| খরচ | | | | | | |
| উদ্বৃত্ত মাল | | | | | | |
| আগত মাল | | | | | | |
| জমা | | | | | | |
| মোট | | | | | | |
| খরচ | | | | | | |
| উদ্বৃত্ত মাল | | | | | | |
| আগত মাল | | | | | | |
| জমা | | | | | | |
| মোট | | | | | | |
| খরচ | | | | | | |
| উদ্বৃত্ত মাল | | | | | | |
| আগত মাল | | | | | | |
| জমা | | | | | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোহাম্মদ গিয়াসউদ্দিন
উপ-সচিব।

মোঃ লতিফুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খন্দকার মাহফুজুল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।